

সিটি কর্পোরেশন এলাকায় কর নির্ধারণ প্রসঙ্গে পঞ্চম মাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত

সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, ইতোমধ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে সিদ্ধিরগঞ্জ অঞ্চলে (১ম বারের মত) এবং কদমরসুল (পুরাতন এলাকা) অঞ্চলে পুনঃ কর নির্ধারণের জন্য মাঠ পর্যায়ে জরিপ কাজ শেষ হয়েছে। কর ধার্যের লক্ষ্যে হোল্ডিংয়ের অবকাঠামোর উপর বাৎসরিক মূল্যমান বা আয়মূল্য নির্ধারণের জন্য রেইট নির্ণয় করা প্রয়োজন। এ প্রসঙ্গে ২নং ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলর জনাব মো: নজরুল ইসলাম জানান যে, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল অঞ্চলে বসবাসকারী জনগণের জীবনমান নারায়ণগঞ্জ অঞ্চলের তুলনায় অপেক্ষাকৃত অনুন্নত। তিনি এ দু-অঞ্চলের হোল্ডিং কর মালিকদের উপর সহনীয় পর্যায়ে কর আরোপের অনুরোধ করেন। ২০নং ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলর জনাব মোহাম্মদ হোসেন এবং ২১নং ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলর জনাব মো: হান্নান সরকার তার এ প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। মাননীয় মেয়র মহোদয় এ পেক্ষাপটে জানান যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে তিনটি অঞ্চলের হোল্ডিং করের রেইট একই হওয়া প্রয়োজন। তিনি জানান ইতিমধ্যেই নারায়ণগঞ্জ অঞ্চলে কর নিরূপনের কাজ শেষ হয়েছে। পূর্ব হতেই সাবেক নারায়ণগঞ্জ পৌরসভার ন্যায় কদমরসুল পৌরসভায়ও কর নিরূপন করা হয়েছে। দি মিউনিসিপাল কর্পোরেশন ট্যাক্সেশন রুলস ১৯৮৬ এর ২০(৩)(বি) ধারায় উল্লেখ রয়েছে যে সময়ে এসেসমেন্ট করা হবে যে, সময়ের নির্মাণ খরচ ও ভাড়া হিসাব করে নিয়মমতে যা কম হবে তাইই বার্ষিক মূল্যমান হিসাবে গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে বস্তনিষ্ঠ হিসাবে বাস্তবতার নিরীক্ষে পি ডব্লিউ ডি রেইট/২০১১ কে ভিত্তি করে কর ধার্য করতে হবে। নিম্নে পি ডব্লিউ ডি রেইট /২০১১ এর রেইট উল্লেখ করা হলো।

ক্র:নং	স্থাপনার বিবরণ	PWD রেইট 2011 ভাড়া হিসাব	PWD রেইট 2011 নির্মাণ খরচ হিসাবে
১.	ইমারত(১ম-৪র্থ তলা)	৩০/-টাকা (প্রতি বর্গ ফুট)	৪২.৯৮ টাকা (প্রতি বর্গ ফুট)
২.	ইমারত ৫ম তলা হতে তদউর্ধ্ব	৩০/-টাকা(প্রতি বর্গ ফুট)	৩৫.৪১ টাকা (প্রতি বর্গ ফুট)
৩.	সেমিপাকা /টিনসেড	১২/-টাকা(প্রতি বর্গ ফুট)	২২.৪০ টাকা (প্রতি বর্গ ফুট)
৪.	শিল্প প্রতিষ্ঠান	৩০/-টাকা(প্রতি বর্গ ফুট)	৪১.১১ টাকা (প্রতি বর্গ ফুট)

এ ক্ষেত্রে যেহেতু ভাড়ার পরিমাণ কম সেহেতু ভাড়ার ভিত্তিতে ট্যাক্স ধার্যের প্রস্তাব করা হয়। পর্যালোচনাক্রমে দেখা যায় ভাড়ার ভিত্তিতে ট্যাক্স ধার্য করলেও পূর্বে ধার্যকৃত কর হতে বহুলাংশে কর বৃদ্ধি পাবে। এত হঠাৎ করে পৌর কর বৃদ্ধি পেলে করদাতাগণের কর পরিশোধ করতে আপত্তি থাকতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে করদাতাগণের অসুবিধার কথা এবং সিটি কর্পোরেশনের রাজস্ব আয়ের বিষয় বিবেচনা করে নিম্নলিখিত হারে বার্ষিক মূল্যমান নিরূপন করে ট্যাক্স ধার্যের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

G:\mm\q:U gj :vqb wewei Y\2012-13

ক্র:নং	স্থাপনার বিবরণ	প্রতি বর্গফুট বার্ষিক মূল্যায়ন
১.	আবাসিক ইমারত (১ম -৫মতলা)	১১/-টাকা
২.	আবাসিক ইমারত (৬ষ্ঠ তলা হতে তদউর্ধ্ব)	১০/-টাকা
৩.	সেমিপাকা	৭/-টাকা
৪.	কাচাঘর ভিটি পাকাসহ	৫/-টাকা
৫.	বানিজ্যিক (দোকান/মার্কেট)	১৫/- টাকা
৬.	শিল্প প্রতিষ্ঠান	১৮/- টাকা
৭.	সরকারী প্রতিষ্ঠান	
	(১) ইমারত	৩০/- টাকা
	(২) সেমিপাকা	১৭/- টাকা

সিদ্ধান্ত t Dnj omLZ tiBU Abjhrqx Ni evor/ ~vcbr BZ'w' i ewll R Avqgj' nbafl Y Kti c:ef b'vq c:Zi'q'fI 17% (tmmi s Ki 7%, AveRbV AcmiY tiBU 7%, iv' f v Avtj wkZKiY tiBU 3%wmmte) nvti Ki Avtvc KiZ nte|